161

দৈনিক ইত্তেফাক

তারিখ ...27 JUL 1998 ... ...
পৃঃ ২৮ কলাম ..৪. ......

# বর্ধিত ছাত্র বেতন প্রত্যাহারের দাবীতে বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ধিত ছাত্র বেতন ও বিবিধ ফি প্রত্যাহারের দাবীতে দুই দিনের ছাত্র ধর্মঘটের প্রথম দিনে গতকাল (রবিবার) ক্যাম্পাস ছিল অচল। ক্লাস পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। সকল একাডেমিক ও প্রশাসনিক কর্মকান্ড বন্ধ ছিল। গণতান্ত্রিক ছাত্রঐক্য এবং সাধারণ ছাত্ররা ভোরে ক্যাম্পাসের সকল প্রবেশ গেটে তালা ঝুলাইয়া ধর্মঘট উৎকীর্ণ পোষ্টার সাঁটাইয়া দেয়। আজও (সোমবার) ছাত্র ধর্মঘট অব্যাহত থাকিবে।

গতকাল রাতে ভিসি ডঃ আজাদ চৌধুরীর সহিত গণতান্ত্রিক ছাত্রঐক্যের নেতাদের বর্ধিত ফি ও বেতন প্রত্যাহার বিষয়ে এক আলোচনা অনুষ্ঠান কোন সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়।

গতকাল ধর্মঘট চলাকালে ক্যাম্পাসে কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। সকাল হইতে ক্যাম্পাস ছিল মিছিল সমাবেশে উত্তাল।

তবে ছাত্রলীগ ধর্মঘটের বিরুদ্ধে অবস্থান নিয়া মিছিল সমাবেশ করার প্রেক্ষিতে ক্যাম্পাসে উত্তপ্ত অবস্থা বিরাজ

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## ধর্মঘট পালন

(শেষ পৃঃ পর)

করিতেছে। ছাত্রঐক্য অভিযোগ করিয়াছে, ছাত্রলীগ বিভিন্ন হলে ধর্মঘটের সমর্থনে সাধারণ ছাত্রদের প্রচার মিছিলে বাধা ও হুমকি ধামকি দেয়। মুহসীন হলে গতকাল সকালে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতা সাজেদুল হক রোমেলকে ছাত্রলীগ কর্মীরা মারধর করে।

গতকাল ধর্মঘট চলাকালে ছাত্রলীগ, ছাত্রদল, গণতান্ত্রিক ছাত্রঐক্য ও সাধারণ ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে পৃথক মিছিল সমাবেশ করে। সাধারণ ছাত্রদের একটি মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ডাকসু ভবনের সম্মুখে সমাবেশ হয়। সমাবেশে যে কোন মূল্যে আন্দোলন অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করা হয়। বক্তা ছাত্ররা বলেন, একটাকাও বর্ধিত বেতন দেওয়া হইবে না।

ক্যাম্পাসে মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রলীগের সমাবেশে সভাপতি এনামুল হক শামীম বলেন, ছাত্রবেতন ও বিবিধ ফি প্রত্যাহার করিতে হইবে। তবে এই ইস্যু নিয়া ছাত্র ধর্মঘট বা তথাকথিত আন্দোলনের নামে ছাত্রদের পড়াশুনায় বিঘ্ন ঘটাইবার কোন চক্রান্ত ছাত্রলীগ বরদাস্ত করিবে না। ঘোলা পানিতে ক্যাম্পাসে মাছ শিকারের পাঁয়তারা সহ্য করা হইবে না। সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না বলেন, একটি মহল সাধারণ ছাত্রদের ব্যবহার করিয়া কুস্বার্থ উদ্ধার করিতে চায়। সমাবেশে আরও বক্তব্য রাখেন আঃ সাঃআঃ মাহমুদ স্বপন, শাহজাহান আলম সাজু, আফজালুর রহমান বাবু, অজয় কর খোকন, কাজী এবাদ, রফিকুল ইসলাম, সুজিত রায় নন্দী, আঃ মতিন, বাহাদুর ব্যাপারী ও আঃ ওয়াদুদ খোকন।

ছাত্রদলের উদ্যোগে বর্ধিত ছাত্র বেতন ও ফি প্রত্যাহারের দাবীতে আহূত ধর্মঘটের সমর্থনে গতকাল ক্যাম্পাসে মিছিল শেষে কলাভবনের গেটে গেটে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বলা হয়, একদিকে গ্রেফতার, নির্যাতন, ছাত্র হত্যা, অন্যদিকে বর্ধিত ছাত্র বেতন ও ফি বৃদ্ধি ছাত্রদের ভারতমুখী শিক্ষার উপর নির্ভর করার অপচেষ্টা চালাইতেছে সরকার।

বর্ধিত বেতন ফি প্রত্যাহারের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বাধ্য করা হইবে। সমাবেশে দলের ভারপ্রাপ্ত সভাপতি নাসিরউদ্দিন পিন্টু, হাবিবুননবী সোহেল, মঞ্জুরে এলাহী, মোজাফফর হোসেন জাকির, আনসার আলী জয় ও সাইফুল ইসলাম নিরব বক্তৃতা করেন। উল্লেখ্য, দলের পিন্টু গ্রুপের এই সমাবেশে এ্যানি গ্রুপের নেতা-কর্মীরা যোগ দেয় নাই। গণতান্ত্রিক ছাত্রঐক্য ও ডাকসু ভবনের সম্মুখে সমাবেশ করে।